

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৫৮

১/ বিবিধ

আরবী

كان إذا قضى صلاته مسح جبهته بيده اليمنى ثم قال: أشهد أن لا إله إلا الله الرحمن الرحيم، اللهم أذهب عني الهم والحزن ضعيف جدا

أخرجه ابن السني في " اليوم والليلة " (رقم 110) وابن سمعون في " الأمالي " (ق 176/2) عن سلام المدائني عن زيد العمي عن معاوية عن قرّة عن أنس بن مالك رضي الله عنه قال: فذكره مرفوعا

قلت: وهذا إسناد موضوع، والمتهم به سلام المدائني وهو الطويل وهو كذاب كما تقدم مرارا، وزيد العمي ضعيف

وله عن أنس طريق أخرى: عن جبارة: حدثنا عن أنس مرفوعا

أخرجه ابن عدي في " الكامل " (ق 275/1) في جملة أحاديث لكثير هذا وهو ابن سليم وقال

وهذه الروايات عن أنس، عامتها غير محفوظة

قلت: وكثير ضعيف ومثله جبارة وهو ابن المغلس، بل لعله أشد ضعفا منه، فقد رماه بعضهم بالكذب

وبالجملة فالحديث ضعيف جدا

تنبيه: تقدم الحديث برقم (660) ، فهممت بحذفه من هنا اكتفاء بما مضى، ولكنني وجدت فيه فوائد أخرى لم تذكر هناك، فأبقيت عليه

وقد روي بلفظ أتم منه وهو: (الاتي)

বাংলা

১০৫৮। তিনি যখন তার সালাত পূর্ণ করতেন তখন তার ডান হাত দ্বারা তাঁর কপাল স্পর্শ (মসিহ) করতেন। অতঃপর বলতেনঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ রহমানুর রহীম ছাড়া সত্যিকারেই কোন উপাস্য নেই। হে আল্লাহ! তুমি আমার চিন্তা ও বিষন্নতাকে দূর করে দাও।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনুস সুন্নী "আল-ইয়াওয়াম অল লাইলাহ" গ্রন্থে (নং ১১০) এবং ইবনু সামউন "আল-আমলী" গ্রন্থে (কাফ ২/১৭৬) সালাম আল-মাদায়েনী হতে, তিনি য়ায়েদ আল-আম্মী হতে, তিনি মুয়াবিয়াহ ইবনু কুররাহ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এটির ব্যাপারে মিথ্যার দোষে দোষী হচ্ছেন সালাম আল-মাদায়েনী, তিনি হচ্ছেন আতত্বীল, তিনি মিথ্যুক। যেমনটি তার সম্পর্কে পূর্বে বার বার আলোচনা করা হয়েছে।

আর য়ায়েদ আল-আম্মী দুর্বল।

আনাস (রাঃ) হতে তার আরেকটি সূত্র রয়েছে। তিনি জাবারাহ হতে, তিনি কাসীর হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

এটিকে ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (কাফ ১/২৭৫) এই কাসীরের কতিপয় হাদীসের মধ্যে বর্ণনা করেছেন। তিনি হচ্ছেন ইবনু সুলায়েম। অতঃপর বলেছেনঃ এ বর্ণনাগুলো আনাস (রাঃ) হতে বর্ণিত যার অধিকাংশই নিরাপদ নয়।

আমি (আলবানী) বলছিঃ এ কাসীর দুর্বল। জাবারাহ ইবনুল মুগাল্লেসও তার ন্যায়। বরং তার চেয়েও বেশী দুর্বল। তাকে কেউ কেউ মিথ্যার দোষে দোষী করেছেন।

মোটকথা হাদীসটি খুবই দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71937>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন